17

দৈনিক ইনকিলাব

তারিখ 17 AUG 1994
পৃষ্ঠা ৫ কলাম ৫

## শিক্ষাঙ্গন

### প্রসঙ্গ ঃ ইডেন বিশ্ববিদ্যালয় কলেজ

দেশের পাঁচটি বিশ্ববিদ্যালয় কলেজকে পূর্ণাঙ্গ বিশ্ববিদ্যালয় হিসেবে গড়ে তোলার বিষয়টি বর্তমান সরকারের সর্বোচ্চ নীতি নির্ধারক মহলের সক্রিয় বিবেচনায় রয়েছে। এ বিষয়ে ইতোমধ্যে কাগজে প্রতিবেদনও প্রকাশিত হয়েছে। কলেজগুলো হচ্ছে ঃ ঢাকার জগন্নাথ বিশ্ববিদ্যালয় কলেজ, বরিশালের বিএম বিশ্ববিদ্যালয় কলেজ, খুলনার বিএল বিশ্ববিদ্যালয় কলেজ, রংপুরের কারমাইকেল বিশ্ববিদ্যালয় কলেজ এবং ময়মনসিংহের আনন্দ মোহন বিশ্ববিদ্যালয় কলেজ। আমরা সরকারের এই দৃষ্টিভঙ্গিকে সাধুবাদ জানাই। প্রতিষ্ঠালগ্ন ও ঐতিহ্যের বিবেচনায় উল্লেখিত প্রতিষ্ঠানসমূহের আপগ্রেডেশনের সিদ্ধান্ত অত্যন্ত যৌক্তিক ও সময়োপযোগী বলে আমরা মনে করি। কিন্তু সে সাথে আমরা বলতে চাই যে, দেশে বর্তমানে কোন মহিলা বিশ্ববিদ্যালয় নেই। শিক্ষা ব্যবস্থায় কো-এডুকেশনের বিভিন্ন সীমাবদ্ধতার কথা বিবেচনা করে দেশে স্বতন্ত্র মহিলা বিশ্ববিদ্যালয় থাকা প্রয়োজন। এই ক্ষেত্রে রাজধানীকে কেন্দ্র করে গড়ে ওঠা ঐতিহ্যবাহী ইডেন বিশ্ববিদ্যালয় কলেজটি মহিলা বিশ্ববিদ্যালয়ে আপগ্রেডেশনের যৌক্তিক দাবী রাখে। কলেজের শিক্ষার মান, ঐতিহ্য, অবস্থান ও কাঠামোগত দিক বিবেচনা করে সরকার এ বিষয়ে সিদ্ধান্ত নিলে সরকারের তেমন বাড়তি ব্যয়েরও প্রয়োজন হবে না। আমরা উল্লেখিত বিষয়ে সরকারের সংশ্লিষ্ট নীতি নির্ধারক মহলের সক্রিয় পদক্ষেপ কামনা করছি। —মোঃ রফিকুল ইসলাম, প্রভাষক, উদ্ভিদ রোগতত্ত্ব বিভাগ, পটুয়াখালী কৃষি কলেজ।